Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আমাদের সময়

### ঢাবির প্রিন্টিং ও পাবলিকেশনের দশক পূর্তি উদযাপন

নিজস্ব প্রতিবেদক •

## সময়ের আলো



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান • সময়ের আলো

## ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন অনুষ্ঠান গতকাল সোমবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। —প্রেস বিজ্ঞপ্তি

## নয়া দিগন্ত



### ঢাবি প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন

# The Country Today

## 10th anniv of DU's Department



## 10th anniv of DU's Department of Printing and Publication Studies celebrated

DU Correspondent

The 10th anniversary celebration of the Department of Printing and Publication Studies at the University of Dhaka was held on Monday at the Muzaffar Ahmed Chowdhury Auditorium. Professor Dr. Niaz Ahmed Khan, Vice-Chancellor of the University of Dhaka, attended the event as the chief guest.

The event was presided over by the department chairperson, Dr. Shilpi Begum. Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha and the Dean of the Faculty of Social Sciences, Professor Dr. Taiyebur Rahman, were present as special guests.

In celebration of the Continued to page 2

department's decade-long journey, the inaugural lecture of the anniversary lecture series was delivered by Professor Emeritus Dr. A. F. Sirajul Islam Chowdhury of the English Department, titled "The State of Publishing." The founding chairperson of the department, Professor Dr. Sudhangshu Shekhar Roy, delivered the welcome speech.

Vice-Chancellor Dr. Niaz Ahmed Khan emphasized the importance of printing and publication as vital elements of education and research. He expressed the university's intent to make its press more effective in advancing publishing initiatives. Citing global examples, he stated that university presses of leading institutions play a significant role in society through scholarly publications. He encouraged faculty and students to work in coordination with the University Press.

During the event, part-time faculty member Dr. Bimal Guha was honoured. The second segment of the program featured a vibrant cultural performance by students of the department.

# দেশ রুপান্তর



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি অনুষ্ঠানে অতিথিরা ■ দেশ রূপান্তর

# আজকালের খবর



## ঢাবি প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের দশক পূর্তি উদযাপন

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন অনুষ্ঠান গতকাল সোমবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপার্সন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরও কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে সম্মাননা প্রদান করা হয়। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৩০ বৈশাখ ১৪৩২

DU in Media

13 May 2025

# Bangla Vision

## ঢাবি প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপিত হয়েছে। সোমবার (১২ মে) অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

বিভাগীয় চেয়ারপার্সন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন।



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরও কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে সম্মাননা প্রদান করা হয়। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# সময়

## ঢাবির প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের দশক পূর্তি উদ্‌যাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে প্রকাশনা শিল্পকে সমৃদ্ধ করতে প্রাতিষ্ঠানিক শিক্ষার গুরুত্ব ও প্রায়োগিক চর্চার প্রয়োজনীয়তা তুলে ধরেন বক্তারা।



দশক পূর্তি উদযাপন করেছে প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ। সংগৃহীত ছবি

শিক্ষা সময়

সোমবার (১২ মে) অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এ আয়োজন হয়।

প্রধান অতিথি ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরও কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

**আরও পড়ুন:** ঢাবিতে সুফিজম নিয়ে ৭ম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

বিভাগীয় চেয়ারপারসন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে দেন। বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাবির ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন।

অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে এ বিভাগ প্রতিষ্ঠার পেছনে তার অকৃত্রিম প্রচেষ্টা ও উদ্যোগের জন্য সম্মাননা দেয়া হয়।

**আরও পড়ুন:** ৫ বিষয়ে পদক্ষেপ নিতে উপাচার্যকে স্মারকলিপি দিলো ঢাবি ছাত্রদল

বিভাগের শিক্ষক শেখ জিনাত শারমিনের সঞ্চালনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক মো. মাহফুজুর রহমান, মোহসিনা ইসলাম, সঞ্জীব কান্তি দাস, রোহলুমা বিনতে মালেক, খণ্ডকালীন শিক্ষক খান মাহবুব, আরিফুর রহমান এবং অন্যান্য শিক্ষক, সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা।

দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

দেশ ও জনগণের মুখপত্র
স্বদেশ প্রতিদিন
মঙ্গলবার • ১৩ মে ২০২৫

প্লট বুকিং এবং রেজিস্ট্রেশন চলছে
মেলার তারিখ ০৩-১০ মে ২০২৫
বৈশাখী আবাসন মেলা
প্লট এবং অ্যাপার্টমেন্টে আকর্ষণীয় ছাড়!

কি খুঁজতে চান? 2025

ইন সুপার লিগে অংশ নিতে কাজাখস্তান যাচ্ছে A1 Esports • ভোটে যেতে পারছে না আও৽

# দশক পূর্তি উদযাপন করলো ঢাবির প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ

ঢাবি প্রতিনিধি:

প্রকাশ: সোমবার, ১২ মে, ২০২৫, ৯:৩০ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ ১০ বছরে পা দিয়েছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

৩০ বৈশাখ ১৪৩২ — 13 May 2025



এ উপলক্ষে আজ সোমবার (১২ মে) এক দশক পূর্তি উদযাপন করলো বিভাগটি। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এই আয়োজন অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

বক্তব্যে তিনি প্রিন্টিং এবং পাবলিকেশন বিষয়টিকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরও কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

তাই বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

বিভাগীয় চেয়ারপারসন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

বক্তব্যে প্রকাশনা শিল্পকে সমৃদ্ধ করতে প্রাতিষ্ঠানিক শিক্ষার গুরুত্ব ও প্রায়োগিক চর্চার প্রয়োজনীয়তা তুলে ধরেন বক্তারা।

বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাবির ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। এসময় বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন।

অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে সম্মাননা প্রদান করা হয়। বিভাগ প্রতিষ্ঠার পেছনে তার অকৃত্রিম প্রচেষ্টা ও উদ্যোগের জন্য এই সম্মাননা পান তিনি।

বিভাগের শিক্ষক শেখ জিনাত শারমিনের সঞ্চালনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক মো. মাহফুজুর রহমান, মোহসিনা ইসলাম, সঞ্জীব কান্তি দাস, রেহনুমা বিনতে মালেক, খণ্ডকালীন শিক্ষক খান মাহবুব, আরিফুর রহমান এবং অন্যান্য শিক্ষক, সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা।

দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

উল্লেখ্য, প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগটি ২০১৫ সালের ১২ মে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর অনুমোদন পায়। পরবর্তীতে ২০১৭ সালের জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে বিভাগটির একাডেমিক কার্যক্রম শুরু হয়।

স্বদেশ প্রতিদিন/এসকে

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



প্রতি মুহূর্তের খবর
risingbd.com

# ঢাবি প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের দশক পূর্তি

ঢাবি সংবাদদাতা || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৮:২৫, ১২ মে ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উৎসব উদযাপন করা হয়েছে।

সোমবার (১২ মে) বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এ উৎসবের আয়োজন করা হয়।

বিভাগীয় চেয়ারপার্সন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান।

এ উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। স্বাগত বক্তব্য দেন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, "প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরো কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর প্রেস বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।" বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের আহ্বান জানান।

অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে সম্মাননা প্রদান করা হয়। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

ঢাকা/সৌরভ/মেহেদী

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯





দৈনিক শিক্ষাডটকম
dainikshiksha.com

# ঢাবি প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন বিভাগের এক দশক

দৈনিক শিক্ষাডটকম, ঢাবি
প্রকাশিত: ১২ মে, ২০২৫ ০৪:০৩ অপরাহ্ন



ছবি : সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ মে) অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এ অনুষ্ঠান হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

বিভাগীয় চেয়ারপার্সন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

বিভাগের এক দশক পূর্তি উপলক্ষ্যে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরো কার্যকর করতে চাই।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯







ছবি : সংগৃহীত

বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে বিভাগের খন্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে সম্মাননা প্রদান করা হয়। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

# The country Today



## MoU signed between DU, Nanjing University of China

DU Correspondent

A memorandum of Understanding (MoU) was signed between the University of Dhaka and Nanjing University of China with the aim of conducting joint collaborative educational and research activities on Monday .

Vice-Chancellor of Dhaka University, Prof Dr. Niaz Ahmed Khan, and Chairman of the CPC Council of Nanjing University, Professor Tan Tieniu, signed the MoU on behalf of their respective institutions.

The signing ceremony, held at the Vice-Chancellor's office, was attended by Dhaka University Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, deans from various faculties, and members of the delegation from Nanjing University.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯





CHANNEL 24
সব সময় | সব দিকের | সব খবর

# ঢাবির প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন

চ্যানেল 24 ডেস্ক

প্রকাশিত : ০২:৪৭, ১৩ মে ২০২৫



ঢাবির প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন করা হয়েছে। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন করা হয়েছে। সোমবার (১২ মে) অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এই অনুষ্ঠান হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপন করা হয়েছে। সোমবার (১২ মে) অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এই অনুষ্ঠান হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। তিনি প্রিন্টিং এবং পাবলিকেশনের বিষয়গুলোকে শিক্ষা ও গবেষণার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে উল্লেখ করে বলেন, প্রকাশনা কার্যক্রমের উন্নয়নে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রেসকে আরও কার্যকর করতে চাই। বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের প্রেসগুলো বিভিন্ন গবেষণামূলক প্রকাশনার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশ্ববিদ্যালয় প্রেসের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার জন্য তিনি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯





ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান।

বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে 'প্রকাশনার হালচাল' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তব্য দেন।

অনুষ্ঠানে বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহকে এ বিভাগ প্রতিষ্ঠার পেছনে তার অকৃত্রিম প্রচেষ্টা ও উদ্যোগের জন্য সম্মাননা দেয়া হয়।
অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগের শিক্ষক শেখ জিনাত শারমিন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক মো. মাহফুজুর রহমান, মোহসিনা ইসলাম, সঞ্জীব কান্তি দাস, রেহনুমা বিনতে মালেক, খণ্ডকালীন শিক্ষক জনাব খান মাহবুব, আরিফুর রহমান এবং অন্যান্য শিক্ষকবৃন্দ, সাবেক ও বর্তমান শিক্ষার্থীবৃন্দ। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯






BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha

# DU signs MoU with Nanjing University for collaborative education, research

12 May 2025, 18:26 | BSS




DU signs MoU with Nanjing University for collaborative education, research. Photo: DU

DHAKA, May 12, 2025 (BSS) - Dhaka University (DU) and Nanjing University of China have signed a Memorandum of Understanding (MoU) today to foster collaborative efforts in education and research.

The MoU was signed at the office of the DU Vice-Chancellor, with DU VC Professor Dr. Niaz Ahmed Khan and Professor Tan Tieniu, Chairman of the CPC Council of Nanjing University, representing their respective institutions.

Under the agreement, both universities will engage in joint scientific research and academic programs. The collaboration will include the exchange of educational resources, research equipment, data, publications and the mutual exchange of faculty, students and researchers.

Additionally, DU and Nanjing University will co-host seminars, symposiums, and academic conferences.

Expressing his appreciation, DU VC said, "Bangladesh and China share a deep-rooted friendship. This MoU will not only bolster academic cooperation but also further strengthen bilateral ties between our two nations."

He also underscored the importance of expanding collaborative academic ventures with Chinese universities to promote deeper cultural and educational ties.

DU treasurer Professor M. Jahangir Alam Chowdhury, deans of various faculties and members of the Nanjing University delegation were also present during the signing ceremony.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯






বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

# চীনের নানজিং ইউনিভার্সিটির সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত

১২ মে ২০২৫, ১৭:২৮ | বাসস




শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের নানজিং ইউনিভার্সিটির মধ্যে সোমবার একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ছবি : ঢাবি

ঢাকা, ১২ মে, ২০২৫ (বাসস) : যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং চীনের নানজিং ইউনিভার্সিটির মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

আজ ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং নানজিং বিশ্ববিদ্যালয়ের সিপিসি কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক তান তিয়েনিউ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

ঢাবি উপাচার্যের সভাকক্ষে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য নানজিং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দু'দেশের মধ্যে বিরাজমান এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন। দু'দেশের জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে আরও সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

এসময় উপস্থিত ছিলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন এবং চীনের নানজিং ইউনিভার্সিটি প্রতিনিধিদলের সদস্যগণ।

সমঝোতা স্মারক অনুযায়ী, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নানজিং ইউনিভার্সিটি যৌথ বৈজ্ঞানিক গবেষণাসহ শিক্ষা ও গবেষণার উন্নয়নে একযোগে কাজ করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা সরঞ্জাম, তথ্য-উপাত্ত, প্রকাশনা এবং শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থী বিনিময় করা হবে। এই দুই বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম এবং সম্মেলন আয়োজন করবে।

প্রতি মুহূর্তের খবর
risingbd.com

# চীনের নানজিং ইউনিভার্সিটির সঙ্গে ঢাবির সমঝোতা

ঢাবি সংবাদদাতা || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৯:২১, ১২ মে ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং চীনের নানজিং ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা

যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং চীনের নানজিং ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

সোমবার (১২ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং নানজিং বিশ্ববিদ্যালয়ের সিপিসি কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক তান তিয়েনিউ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ঢাবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন এবং চীনের নানজিং ইউনিভার্সিটি প্রতিনিধিদলের সদস্যগণ উপস্থিত ছিলেন।

সমঝোতা স্মারক অনুযায়ী, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নানজিং ইউনিভার্সিটি যৌথ বৈজ্ঞানিক গবেষণাসহ শিক্ষা ও গবেষণার উন্নয়নে একযোগে কাজ করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা সরঞ্জাম, তথ্য-উপাত্ত, প্রকাশনা এবং শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় করা হবে। এই দুই বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম এবং সম্মেলনের আয়োজন করবে।

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান নানজিং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে বলেন, "বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুই দেশের মধ্যে বিরাজমান এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার হবে "

দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে ঢাবি এবং চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে আরো সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

ঢাকা/সৌরভ/মেহেদী

## দৈনিক বর্তমান



# ঢাবির কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শন করলেন উপাচার্য

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ১২ মে সোমবার বিকালে কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শন করেছেন। এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও প্রকৌশল দফতরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এরপর উপাচার্য মধুর ক্যান্টিন পরিদর্শন করেন এবং মান যাচাইয়ের জন্য ক্যান্টিনের খাবার খান।

উল্লেখ্য, গত ৮ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও লেকচার থিয়েটার ভবনের মাঝখানের রাস্তাটির (মধুর ক্যান্টিন পর্যন্ত) সংস্কারের কাজ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫৬৫ ফুট দৈর্ঘ্য, ২৫.৫ ফুট প্রস্থের রাস্তাটিতে ৪ ইঞ্চি আরসিসি ঢালাই দেয়া হচ্ছে। সংস্কার কাজের জন্য আগামী ২৩ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের এই রাস্তায় সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে।

এদিকে কলা ভবনের লিফট সংস্কারের কাজও প্রায় শেষ পর্যায়ে রয়েছে। শিগগিরই লিফট শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হবে।

## The Country Today



# VC visits renovation work of road, lift adjacent to DU Arts Building

**DU Correspondent**

Professor Dr. Niaz Ahmed Khan, Vice-Chancellor of the University of Dhaka, inspected the renovation work of the road and lift adjacent to the Arts Building on Monday, afternoon.


At that time, the university's Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, Dean of the Faculty of Arts Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan, and officials from the engineering office were present. After that, the Vice-Chancellor visited Madhur Canteen and tasted the food to assess its quality.

It is to be noted that the renovation work of the road between the Arts Building and the Lecture Theater Building (up to Madhur Canteen) started on May 8. Under the university's own funding, a 565-foot-long and 25.5-foot-wide road is being paved with 4-inch RCC concrete. Due to the renovation work, all types of vehicles will be prohibited on this road until May 23.

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

# ঢাবির কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শনে উপাচার্য

১২ মে ২০২৫, ২২:৪৮ | বাসস



ঢাকা বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

ঢাকা, ১২ মে, ২০২৫ (বাসস): ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আজ সোমবার (১২ মে) বিকেলে কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শন করেছেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও প্রকৌশল দফতরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এরপর উপাচার্য মধুর ক্যান্টিন পরিদর্শন করেন এবং মান যাচাইয়ের জন্য ক্যান্টিনের খাবার খান।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে জানানো হয়েছে, গত ৮ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও লেকচার থিয়েটার ভবনের মাঝখানের রাস্তাটির (মধুর ক্যান্টিন পর্যন্ত) সংস্কারের কাজ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫৬৫ ফুট দৈর্ঘ্য, ২৫.৫ ফুট প্রস্থের রাস্তাটিতে ৪ ইঞ্চি আরসিসি ঢালাই দেয়া হচ্ছে। সংস্কার কাজের জন্য আগামী ২৩ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের এই রাস্তায় সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে।

এদিকে কলা ভবনের লিফট সংস্কারের কাজও প্রায় শেষ পর্যায়ে রয়েছে। শিগগিরই লিফট শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯





দৈনিক শিক্ষাডটকম
dainikshiksha.com

## মধুর ক্যান্টিনে চা সিঙ্গারা খেলেন ঢাবি ভিসি

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক
প্রকাশিত: ১৩ মে, ২০২৫ ১২:৫০ পূর্বাহ্ণ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের একটি ব্যতিক্রমী পদক্ষেপ সম্প্রতি শিক্ষক-শিক্ষার্থী মহলে আলোচনার জন্ম দিয়েছে।

সোমবার (১২ মে) বিকেলে উপাচার্য আকস্মিকভাবে বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী স্থান মধুর ক্যান্টিন পরিদর্শনে যান এবং সেখানে বসে ক্যান্টিনের খাবার চেখে দেখেন।

এর আগে কোনো উপাচার্যের এমন সরাসরি ক্যান্টিনে গিয়ে খাবারের মান যাচাইয়ের ঘটনাকে নজিরবিহীন হিসেবেই দেখছেন অনেকে।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানকে এ সময় চা এবং সিঙ্গারা খেতে দেখা যায়। তার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানও উপস্থিত ছিলেন। তারাও উপাচার্যের সঙ্গে চা-সিঙ্গারা খেয়ে ক্যান্টিনের খাবারের স্বাদ গ্রহণ করেন।

উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পর থেকেই অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিভিন্ন সময়ে ব্যতিক্রমী সব কর্মকাণ্ডের মাধ্যমে আলোচনায় এসেছেন।

এর আগে তাকে ছদ্মবেশে বিভিন্ন আবাসিক হল পরিদর্শন এবং সাধারণ শিক্ষার্থীদের সাথে মিশে তাদের খোঁজ-খবর নিতে দেখা গেছে। শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এবং তাদের সমস্যাগুলো জানার এই আন্তরিক প্রচেষ্টা ইতোমধ্যে ছাত্র মহলে বেশ প্রশংসিত হয়েছে।

মধুর ক্যান্টিন পরিদর্শনের আগে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শন করেন।

জানা গেছে, গত ৮ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও লেকচার থিয়েটার ভবনের মাঝখানের রাস্তাটির (মধুর ক্যান্টিন পর্যন্ত) সংস্কার কাজ শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫৬৫ ফুট দৈর্ঘ্য এবং ২৫.৫ ফুট প্রস্থের এই রাস্তায় ৪ ইঞ্চি আরসিসি ঢালাই দেওয়া হচ্ছে। সংস্কার কাজের জন্য আগামী ২৩ মে পর্যন্ত এই রাস্তায় সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে।

অন্যদিকে, কলা ভবনের লিফট সংস্কারের কাজও প্রায় শেষের দিকে। বিশ্ববিদ্যালয় প্রশাসন আশা করছে খুব শীঘ্রই লিফটটি শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খুলে দেওয়া হবে। দীর্ঘদিন ধরে লিফটটি ব্যবহারের অনুপযোগী থাকায় শিক্ষার্থীদের অসুবিধার সৃষ্টি হচ্ছিল।

উপাচার্যের এই আকস্মিক মধুর ক্যান্টিন পরিদর্শন এবং খাবারের মান যাচাইয়ের ঘটনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক সাড়া ফেলেছে।

অনেকেই মনে করছেন, উপাচার্যের এই ধরনের সরাসরি পদক্ষেপ একদিকে যেমন ক্যান্টিনের খাবারের মান উন্নয়নে সহায়ক হবে।

অন্যদিকে সাধারণ শিক্ষার্থীদের সাথে তার দূরত্ব কমিয়ে আনবে। এর আগে কোনো উপাচার্যের এমন সরাসরিভাবে শিক্ষার্থীদের সাথে মিশে যাওয়া এবং তাদের দৈনন্দিন জীবনের অংশ হয়ে ওঠার দৃষ্টান্ত দেখা যায়নি।

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের এই ব্যতিক্রমী এবং শিক্ষার্থী সংশ্লিষ্ট পদক্ষেপগুলো বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ইতিহাসে একটি নতুন মাত্রা যোগ করেছে। তার এই ধরনের কার্যক্রম শিক্ষার্থীদের মধ্যে যেমন উৎসাহ যুগিয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাথে তাদের একটি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করতেও সহায়ক ভূমিকা পালন করছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯






THE DAILY CAMPUS (https://thedailycampus.com/)

হোম (https://thedailycampus.com/) / স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় (https://thedailycampus.com/universities/2)

# মধুর ক্যান্টিনে চা-সিঙ্গারা খেয়ে নিজেই মান যাচাই করলেন ঢাবি উপাচার্য

টিডিসি রিপোর্ট (https://thedailycampus.com/find?q=টিডিসি রিপোর্ট) প্রকাশ: ১২ মে ২০২৫, ১১:১৪ PM , আপডেট: ১৩ মে ২০২৫, ০৯:৪১ AM



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং শিক্ষকরা মধুর ক্যান্টিনে বসে চা-সিঙ্গারা খাচ্ছেন © টিডিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান খাবারের মান যাচাই করতে নিজেই মধুর ক্যান্টিনে গিয়ে চা-সিঙ্গারা খেয়েছেন। এ ঘটনাকে ব্যতিক্রমী এবং অনেকটা নজিরবিহীন হিসেবেই বিবেচনা করা হচ্ছে। কারণ, এর আগে কখনো অন্যান্য উপাচার্যের বেলায় এ ধরনের ঘটনা ঘটেনি। উপাচার্য হওয়ার পর থেকেই তিনি ছদ্মবেশে আবাসিক হল পরিদর্শন এবং শিক্ষার্থীদের সাথে অতি সাধারণভাবে মিশে ও সময় দিয়ে খোঁজ-খবর নেওয়াসহ বিভিন্ন সময়ে এমন ব্যতিক্রমী কর্মকান্ড করে বরাবরই আলোচনায় রয়েছেন এবং শিক্ষার্থীদের মন জয় করে চলছেন।

জানা যায়, সোমবার (১২ মে) বিকেলে আকস্মিক মধুর ক্যান্টিন পরিদর্শনে যান অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। পরে খাবারের মান যাচাইয়ের জন্য তিনি ক্যান্টিনের খাবার খান। এসময় তাকে চা এবং সিঙ্গারা খেতে দেখা যায়। তার সঙ্গে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উপস্থিত ছিলেন। তারাও চা-সিঙ্গারা খেয়ে উপাচার্যের সঙ্গ দেন।

এর আগে, উপাচার্য বিশ্ববিদ্যালয়ের কলা ভবন সংলগ্ন রাস্তা ও লিফট সংস্কারের কাজ পরিদর্শন করেন।

উল্লেখ্য, গত ৮ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও লেকচার থিয়েটার ভবনের মাঝখানের রাস্তাটির (মধুর ক্যান্টিন পর্যন্ত) সংস্কারের কাজ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫৬৫ ফুট দৈর্ঘ্য, ২৫.৫ ফুট প্রস্থের রাস্তাটিতে ৪ ইঞ্চি আরসিসি ঢালাই দেয়া হচ্ছে। সংস্কার কাজের জন্য আগামী ২৩ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের এই রাস্তায় সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে। এদিকে কলা ভবনের লিফট সংস্কারের কাজও প্রায় শেষ পর্যায়ে রয়েছে। শিগগিরই লিফট শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হবে।